

করা হয়েছে নারায়ণ মণ্ডলের পরিবারের তরফে শুক্রবার সকালে। কিন্তু যাদের বিরুদ্ধে অপহরণের অভিযোগ তারাই আবার বিকেলে নারায়ণকে নিয়ে সশরীরে উপস্থিত সুতি-১ ব্লকের বিডিও দীপকর রায়ের কাছে। বিডিও দীপকর রায় জানান, 'প্রধান নারায়ণ মণ্ডলকে অপহরণ করা হয়েছিল। বর্তমানে তিনি সশরীরে আমার কাছে উপস্থিত।'

এক ছাদের তলায়

■ নদীয়া জেলার শিক্ষকরা যাতে একই ছাদের তলায় তাঁদের প্রয়োজনীয় অফিসের কাজ সারতে পারেন তার জন্য গড়ে তোলা হচ্ছে শিক্ষা ভবন। ইতিমধ্যে শিক্ষা দপ্তর থেকে তার অনুমোদন পাওয়া গেছে। তাড়াতাড়ি কাজ শুরু হবে। এ ব্যাপারে নদীয়া জেলার সভাপতি বাণী রায় জানান, কৃষ্ণনগরে এখন যেখানে ডিস্ট্রিক ইনস্পেক্টর বা ডিআই অফিস রয়েছে, সেখানেই গড়ে তোলা হবে এই শিক্ষা ভবন। সর্বশিক্ষা মিশন সেকেন্ডারি এবং প্রাথমিক স্কুলের ডিআই অফিস যেমন এখন আলাদা আলাদা জায়গায় রয়েছে, তেমনি সর্বশিক্ষা মিশনের অফিসও রয়েছে আলাদা। এই ৩টি দপ্তরের অফিস আসবে একই অফিসে। একই ছাদের তলায়।

করা

কৃষ্ণন
কংগ্রেস
সফল
পাঞ্জা
বিধান
প্রদেশ
কৃষ্ণন
আয়ে

১২/০৮/১৬

৬০২ ১০০০০০০ ২০১৬

